

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 উপ-প্রকল্প পরিচালকের কার্যালয়
 সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায় (১ম সংশোধিত)
 সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

স্মারক নং-৪৭.৬১.০০০০.০৩৭.২৫.০১২.২১. ৪১৩

তারিখ : ১৯/০২/২০২৪ খ্রিস্টাব্দ।

বিষয়: "আইটি সাপোর্ট টেকনিশিয়ান" কোর্সে প্রশিক্ষার্থী প্রেরণ সংক্রান্ত।

উর্পযুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরের "আইটি সাপোর্ট টেকনিশিয়ান" ট্রেডে ৬০(ষাট) দিন ব্যাপী প্রশিক্ষণ কোর্স ইউসেপ মতিঝর্ণা টেকনিক্যাল স্কুল, মতিঝর্ণা, লালখান বাজার চট্টগ্রামে আগামী ২৮/০২/২০২৪ তারিখ রোজ বুধবার হতে অনুষ্ঠিত হবে। আপনার উপজেলার ২০জন পুরুষ (১টি ব্যাচ) মনোনীত প্রশিক্ষার্থীদের নিম্নোক্ত ছক মোতাবেক তালিকাসহ আগামী ২৭/০২/২০২৪ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৫.০০ টার মধ্যে ইউসেপ মতিঝর্ণা টেকনিক্যাল স্কুল, মতিঝর্ণা, লালখান বাজার চট্টগ্রামে উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। তাছাড়া মনোনীত প্রশিক্ষার্থীদের তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ০৫/০৪/২০২৩ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের নিমিত্ত এবং প্রত্যেক প্রশিক্ষার্থীর জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ এর ফটোকপি প্রশিক্ষার্থীর সঙ্গে নেওয়ার বিষয়টি নিশ্চিত করে অত্র দপ্তরকে অবহিত করার জন্য বলা হলো।


ক্র: নং	প্রশিক্ষার্থীর নাম ও পিতা/স্বামীর নাম	জন্ম তারিখ	প্রশিক্ষার্থীর বর্তমান ও স্থায়ী ঠিকানা	প্রশিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র নং	সমিতির নাম ও ঠিকানা	সমিতির নিবন্ধন নং ও তারিখ	প্রশিক্ষার্থীর সমিতিতে সদস্য নং	মোবাইল নম্বর	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

উল্লেখ্য যে, প্রশিক্ষণ গ্রহণ করার পর সিভিডিপি সমিতির যে সকল সদস্য কাজে নিয়োজিত থেকে অর্থ উপার্জন করতে ইচ্ছুক শুধুমাত্র তাদেরকে প্রশিক্ষণে পাঠানোর জন্য বলা হলো। কোন ছেলে-মেয়ে/সঙ্গী সাথে নিয়ে যাওয়া যাবে না। প্রশিক্ষার্থীদের বয়স ১৮-৪০ বছরের মধ্যে এবং ন্যূনতম এস.এস.সি পাশ হতে হবে। একই ব্যক্তি একাধিকবার/একাধিক ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন না। এক সমিতি থেকে দুইজনের বেশি নয়। নির্বাচিত সদস্যর শেয়ার-সঞ্চয় নিয়মিত থাকতে হবে। প্রশিক্ষণকালীন সময়ে সংশ্লিষ্ট প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অবস্থান বাধ্যতামূলক।

সহকারী প্রকল্প পরিচালক ও

উপজেলা সমবায় অফিসার, সিভিডিপি-৩য় পর্যায়

(১ম সংশোধিত), সমবায় অংশ, কমলনগর, লক্ষ্মীপুর।


 মোহাম্মদ মাহবুবুল হক হাজারী

উপ-প্রকল্প পরিচালক

সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায় (১ম সংশোধিত)

সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

যোগাযোগের মোবাইল নং-০১৭১৭৬৬৬৪৪২।

সদয় অবগতির নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। প্রকল্প পরিচালক সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায় (১ম সংশোধিত), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সমবায় ভবন আগারগাঁও, ঢাকা।

০২। আঞ্চলিক ব্যবস্থাপক, ইউসেপ মতিঝর্ণা টেকনিক্যাল স্কুল, মতিঝর্ণা, লালখান বাজার চট্টগ্রাম।

০৩। সংশ্লিষ্ট নথি।